



দেশ গঠনে উদ্যোক্তা-ব্যবসায়ীদের সহযোগিতা চাইলেন প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

রাষ্ট্রের কাক্ষিত লক্ষ্য অর্জন ও দেশ গঠনে সরকার সর্বোচ্চ প্রচেষ্টা চালাবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। একই সঙ্গে দেশের উন্নয়নে উদ্যোক্তা, ব্যবসায়ী প্রতিনিধি ও সংশ্লিষ্ট সবার সহযোগিতা চেয়েছেন তিনি।

শনিবার (১২ সেপ্টেম্বর) সকালে রাজধানীর বিজয় সরণির নভোথিয়েটারে তিন দিনব্যাপী ‘বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬’-এর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য দেওয়ার সময় এ আহ্বান জানান প্রধানমন্ত্রী।

দেশীয় উদ্ভাবনকে গবেষণাগার থেকে বাণিজ্যিক উৎপাদনে নেওয়ার পাশাপাশি এসব উদ্ভাবনকে সরাসরি বাজারের সঙ্গে যুক্ত করার ওপর গুরুত্ব দেন তিনি।

মেলায় শতাধিক উদ্ভাবক ও স্টার্টআপ প্রতিষ্ঠাতা এক হাজারের বেশি উদ্ভাবন নিয়ে অংশ নিয়েছেন। উদ্ভাবকদের সঙ্গে নীতিগত সহায়তা, শিল্প খাত, বিনিয়োগ ও বাজারের সুযোগের সংযোগ তৈরি করাই এ আয়োজনের মূল লক্ষ্য। অনুষ্ঠানে বিভিন্ন উদ্ভাবন ও প্রজেক্টেশন ঘুরে দেখেন প্রধানমন্ত্রী এবং সেগুলোতে সন্তোষ প্রকাশ করেন।